

১৭/১০

১৭/১০

SEP. 17 2002

## এইচএসসি : মেহেন্দীগঞ্জের। কম্পিউটার পরীক্ষার ফল স্থগিত

বরিশাল ব্যুরো

বরিশালের মেহেন্দীগঞ্জ উপজেলা কেন্দ্রের  
এইচএসসি কম্পিউটার বিষয়ে  
পরীক্ষার্থীদের ফলাফল স্থগিত করা  
স্থগিত : পৃষ্ঠা : ২ কলাম : ৪

### স্থগিত : পরীক্ষার ফল

(শেষ পৃষ্ঠার পর)

হয়েছে। ব্যবহারিক পরীক্ষায় অনিয়মের কারণে এ সিদ্ধান্ত নেয়া হয়। আগামীকাল বুধবার বরিশাল শিক্ষা বোর্ডসহ ৭টি বোর্ডের পরীক্ষার ফলাফল ঘোষণা করা হবে। বরিশাল বোর্ড কন্ট্রোলার জানান, পরীক্ষার ফল প্রকাশের পর বোর্ড মিটিংয়ে মেহেন্দীগঞ্জের স্থগিত পরীক্ষা সম্পর্কে সিদ্ধান্ত নেয়া হবে। অভিযোগে জানা যায়, কম্পিউটার বিষয়ে ব্যবহারিক পরীক্ষায় ওই উপজেলার একতা কলেজের প্রভাষক জলিলুর রহমান ইন্টারনাল পরীক্ষকের দায়িত্ব পালন করেন। মেহেন্দীগঞ্জের অন্য কেন্দ্রের পরীক্ষার্থীরা একতা কলেজ কেন্দ্রে উপস্থিত না হয়েই পরীক্ষায় অংশগ্রহণ দেখান। এসব পরীক্ষার্থীর কাছ থেকে জনপ্রতি ৫০০ টাকার বিনিময়ে এ সুযোগ দেয়া হয় বলে অভিযোগ পাওয়া গেছে। প্রভাষক জলিলুর রহমানের বিরুদ্ধে আরও অভিযোগ রয়েছে, কম্পিউটার বিষয়ে তার কোন ধারণাই নেই। তিনি হচ্ছেন ওই কলেজের অর্থনীতি বিষয়ের প্রভাষক। বোর্ডের এক কর্মকর্তার সহায়তায় গত কয়েক বছর ধরে কম্পিউটার ব্যবহারিক বিষয়ে তিনি এক্সটারনাল পরীক্ষকের দায়িত্ব পালন করছেন। এ বছরে অনুষ্ঠিত বোর্ডের পরীক্ষায়ও তিনি কম্পিউটার শিক্ষা বিষয়ে ৫০০ উত্তরপত্র পান এবং ৩টি কলেজে এক্সটারনাল পরীক্ষকের দায়িত্ব পালন করেন।